# REGIONAL NEWS UNIT
# ALL INDIA RADIO, AGARTALA
## Date: 27-05-2025
## Time: 07:55-08:05 PM Hrs
## BENGALI EVENING BULLETIN

---

**<u>Headlines :</u>**

**(১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেন নার্সিং শুধুমাত্র একটি পেশা নয়, এটি মহান মানবিকতার নিদর্শন।**

**(২) ত্রিপুরা বোর্ড অব জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশনের ফলাফল আজ প্রকাশিত হয়েছে।**

**(৩) নরসিংগড়ের টি আই টি-কে সরকারী টেকনিক্যাল ইউনিভার্সিটি এবং আগরতলা মহিলা কলেজটিকে সরকারী মহিলা বিশ্ববিদ্যালয়ের উন্নীত করা হবে ।**

**(৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বলেছেন যে সাম্প্রতিক ঘটনাবলী প্রমাণ করেছে যে ভারতের বিরুদ্ধে তথাকথিত ছায়া যুদ্ধ আসলে একটি সুপরিকল্পিত যুদ্ধ কৌশল ।**

**(৫) অনূর্ধ্ব ২০ বছর বালক ও বালিকা বিভাগের রাজ্যভিত্তিক জুনিয়র কাবাডি চ্যাম্পিয়নশিপ আজ থেকে মাতাবাড়িতে শুরু হয়েছে ।**

****************************************

**Sarvodaya–Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেন নার্সিং শুধুমাত্র একটি পেশা নয়। এটি মহান মানবিকতার নিদর্শন। যা সেবা, সহানুভূতি ও নিষ্ঠায় পরিপূর্ণ। এবং স্বাস্থ্য পরিষেবায় একটি শক্তিশালী মাধ্যম। সর্বোদয়া ইনস্টিটিউট অফ নার্সিং এর উদ্যোগে আজ চতুর্থ বর্ষের জিএনএম ও ষষ্ঠ বর্ষের এ এন এম শিক্ষার্থীদের ল্যাম্প লাইটিং ও শপথ গ্রহণ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করে একথা বলেন রাজ্যপাল। আগরতলার সুকান্ত একাডেমির

অডিটরিয়ামে আয়োজিত এই অনুষ্ঠানে রাজ্যপাল সেবার মানসিকতা নিয়ে দায়িত্ব পালনের জন্য নার্সদের প্রতি আহ্বান জানান।

########Byte-Governor######

অনুষ্ঠানে বক্তব্য রাখেন প্রাক্তন কেন্দ্রীয়মন্ত্রী প্রতিমা ভৌমিক, আগরতলা রামকৃষ্ণ মিশনের সচিব স্বামী শুভকারানন্দ মহারাজ, মেডিকেল এডুকেশনের অধিকর্তা ডক্টর এইচপি শর্মা, ইনস্টিটিউশনের ব্যাঙ্গালোরের অধ্যক্ষ অরুণ রাজ। অনুষ্ঠানে ইনস্টিটিউশনের অধ্যক্ষা মুনমুন মহাজন শিক্ষার্থীদের শপথ বাক্য পাঠ করান।

***************************

**TBJEE Result :**

ত্রিপুরা বোর্ড অব জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশনের ফলাফল আজ প্রকাশিত হয়েছে। আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে বোর্ডের চেয়ারম্যান ডঃ শুভদীপ পাল ফলাফল ঘোষণা করেন। বোর্ডের সচিব ড: পৃথ্বিজ্যোতি ভৌমিক জানান, এবারের জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষায় পি.সি.এম. বিভাগে প্রথম স্থান অধিকার করেছে উত্তর ত্রিপুরা জেলার জওহর নবোদয় বিদ্যালয়ের ছাত্র দ্বীপজয় দাস। দ্বিতীয় স্থানে হিন্দি হায়ার সেকেন্ডারি স্কুলের ছাত্রী ত্রিস্রোতা দাস ও তৃতীয় স্থান অধিকার করেছে খেরেংজুরি জওহর নবোদয় বিদ্যালয়ের ছাত্র অর্ণব নাথ। পি.সি.বি. গ্রুপে প্রথম হয়েছে শ্রীকৃষ্ণ মিশন বিদ্যালয়ের অনন্যা দেবনাথ, দ্বিতীয় স্থানে শিশুবিহার বিদ্যালয়ের সপ্তদীপ পাল এবং তৃতীয় স্থান অধিকার করেছে শ্রীকৃষ্ণ মিশন বিদ্যালয়ের দেবপ্রসাদ সাহা।

বোর্ডের সচিব আরও জানান, এবার পি.সি.এম. গ্রুপে ১,৯৮৯ জন এবং পি.সি.বি. গ্রুপে ৪,৩৩২ জন পরীক্ষায় বসে। এই পরীক্ষায় উন্নীত ছাত্রছাত্রীরা রাজ্য এবং বহিরাজ্যের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রায় ১ হাজার ৫০০-এর মতো বিভিন্ন আসনে ভর্তি হতে পারবে। ফলাফল বোর্ডের ওয়েবসাইটে ছাত্রছাত্রীরা দেখতে পারবে। সাংবাদিক সম্মেলনে ত্রিপুরা বোর্ড

অব জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশনের সদস্য প্রফেসর সঞ্জয় মিত্র উপস্থিত ছিলেন।

**************************

**Press Meet–Special Secretary Higher Education :**

রাজ্যের সাধারণ ডিগ্রি কলেজগুলিতে ভর্তি প্রক্রিয়া শুরু হয়েছে। এবছর 'সমর্থ' পোর্টালের মাধ্যমে অনলাইনে ভর্তি প্রক্রিয়া গত ২৩শে মে থেকে শুরু হয়েছে। প্রথম রাউন্ডের এই ভর্তি প্রক্রিয়া চলবে আগামী ৩০শে মে পর্যন্ত। ১১ই জুন প্রথম রাউন্ডের মেধা তালিকা সংশ্লিষ্ট কলেজের ওয়েবসাইটে প্রকাশিত হবে। আজ সচিবালয়ে সাংবাদিক সম্মেলনে উচ্চ শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার এখবর জানান। তিনি জানান, দ্বিতীয় রাউন্ডের ভর্তি প্রক্রিয়া ২১শে জুন থেকে ২৫শে জুন পর্যন্ত চলবে। দ্বিতীয় রাউন্ডের ভর্তির পর কলেজগুলিতে যদি কোন আসন খালি থাকে তাহলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ মেধা তালিকা অনুসারে সেই আসনগুলি পূরণে ভর্তি প্রক্রিয়ার উদ্যোগ গ্রহণ করবে। তিনি জানান, এবছর একজন শিক্ষার্থী সর্বোচ্চ ৪টি কলেজে ভর্তির আবেদন করতে পারবে।

বিশেষ সচিব জানান, এই শিক্ষাবর্ষে রাজ্যে ৩টি নতুন সাধারণ ডিগ্রি কলেজ চালু হচ্ছে। আমবাসায় পুরনো ডিএম অফিস বিল্ডিং, করবুকে করবুক পাঞ্জিহাম এইচ এস স্কুল এবং কাকড়াবনে পূর্বের ডায়েট কলেজে এই শিক্ষাবর্ষ থেকেই কলেজগুলিতে ভর্তি প্রক্রিয়া সহ পঠন পাঠন শুরু হবে। এই ৩টি নতুন কলেজে ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত তথ্য উচ্চশিক্ষা দপ্তরের ওয়েবসাইটে পাওয়া যাবে। তিনি আরও জানান, জাতীয় শিক্ষানীতির নীতি নির্দেশিকা মেনে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানকে মাল্টি ডিসিপ্লিনারি মোডে উন্নীতকরণ করা হচ্ছে। এক্ষেত্রে আগরতলার কুঞ্জবনস্থিত ইন্সটিটিউট অব অ্যাডভান্স স্টাডিজ এবং কুমারঘাটস্থিত কলেজ অব টিচার এডুকেশন–এ ২০২৫–২৬ শিক্ষাবর্ষে সাধারণ ডিগ্রী কলেজের মত স্নাতক স্তরের কোর্স চালু করা হবে।

নরসিংগড়ের টি আই টি-কে সরকারী টেকনিক্যাল ইউনিভার্সিটিতে উন্নীতকরণ এবং আগরতলা মহিলা কলেজটিকে সরকারী মহিলা বিশ্ববিদ্যালয়ের রূপান্তরিত করা হবে।

উচ্চশিক্ষা দপ্তরের অধিকর্তা অনিমেষ দেববর্মা জানান, রাজ্যের সাধারণ ডিগ্রী কলেজগুলিতে অধ্যাপকের স্বল্পতা নিরসনে টিপিএসসি-র মাধ্যমে ২০১ জন অ্যাসিটেন্ট প্রফেসর এবং ১৩ জন প্রিন্সিপাল-এর নিয়োগ প্রক্রিয়াধীন। তাছাড়া আরও ৩ জন প্রিন্সিপাল এবং ২০০ জন অ্যাসিটেন্ট প্রফেসর পদে নিয়োগের জন্য অর্থ দপ্তর থেকে অনুমোদন পাওয়া গেছে।

******************************

**Additional Director General :**

আকাশবাণী পরিকল্পনা বিভাগের অতিরিক্ত মহানির্দেশক রাজেশ জৈন আজ আকাশবাণী আগরতলা কেন্দ্র ও আগরতলা দূরদর্শন কেন্দ্র পরিদর্শন করেন। রাজেশ জৈন এর সঙ্গে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের প্রধান অর্থনৈতিক উপদেষ্টা রবীন্দ্র কুমার জেনা, আগরতলা দূরদর্শন ও আকাশবাণী আগরতলা কেন্দ্রের প্রধান ভি. দিনেশ কুমার এবং প্রকৌশল প্রধান অশোক।

অতিরিক্ত মহা নির্দেশক ষ্টুডিও, স্টোর রুম, প্রোডাকশন নিয়ন্ত্রণ কক্ষ, আর্থ স্টেশন এবং অন্যান্য বিভিন্ন সুযোগ সুবিধা পরিদর্শন করেন। কেন্দ্রগুলোর উন্নীতকরণ, জল নিষ্কাশন ব্যবস্থা এবং স্টুডিওগুলির শীতাতাপ সংক্রান্ত সমস্ত প্রয়োজনীয় কাজ সম্পন্ন করার বিষয়ে গুরুত্বপূর্ণ পরামর্শ দেন তিনি।

*****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-

আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**PM, Gujrat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বলেছেন যে সাম্প্রতিক ঘটনাবলী প্রমাণ করেছে যে ভারতের বিরুদ্ধে তথাকথিত ছায়া যুদ্ধ আসলে একটি সুপরিকল্পিত যুদ্ধ কৌশল। গুজরাটের গান্ধীনগরের মহাত্মা মন্দিরে এক জনসমাবেশে তিনি একথা বলেন।

প্রধানমন্ত্রী উল্লেখ করেন যে নিহত সন্ত্রাসীদের পাকিস্তানে রাষ্ট্রীয় সম্মান দেওয়া হয়, তাদের কফিনের উপর জাতীয় পতাকা ঝোলানো হয় এবং পাকিস্তানি সেনাবাহিনী তাদের অভিবাদন জানায়। তিনি বলেন, এটি স্পষ্টভাবে প্রতিষ্ঠিত করে যে এগুলি বিচ্ছিন্ন সন্ত্রাসী কর্মকাণ্ড নয় বরং একটি সমন্বিত সামরিক কৌশলের অংশ। শ্রী মোদী বলেন, ভারত কারো সঙ্গে শত্রুতা চায়না, শান্তিতে বসবাস করতে চায় এবং এমনভাবে অগ্রগতির আকাঙ্ক্ষা করে যা বিশ্বের কল্যাণে অবদান রাখে। তিনি বলেন সরকার লক্ষ লক্ষ ভারতীয়ের উন্নয়নের জন্য নিষ্ঠার সঙ্গে কাজ করছে।

#######Byte-PM######

অতীতের নীতিগত ভুলগুলি তুলে ধরে প্রধানমন্ত্রী তরুণ প্রজন্মকে জাতীয় স্বার্থের ক্ষতি করে এমন ঐতিহাসিক সিদ্ধান্তগুলি অধ্যয়ন করার আহ্বান জানান। প্রধানমন্ত্রী বলেছেন যে স্বাধীনতার ১০০ বছর পূর্ণ হওয়ার পর উন্নত ভারতের স্বপ্ন অর্জনে কোনও আপস করা হবে না এবং এই স্বপ্ন বাস্তবায়নে প্রতিটি নাগরিককে তার ভূমিকা পালন করতে হবে। তিনি বলেন, ভারতকে বিশ্বের শীর্ষ তিনটি অর্থনীতির মধ্যে একটি করে তোলার জন্য দ্বিতীয় এবং তৃতীয় স্তরের শহরগুলির অর্থনৈতিক উন্নয়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রধানমন্ত্রী দেশবাসীকে

দেশে তৈরি পণ্য ব্যবহার করার আহ্বান জানান। এর আগে, প্রধানমন্ত্রী আজ গান্ধীনগরের মহাত্মা মন্দিরে ৫,৫৩৬ কোটি টাকার উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

**********************************

**Pakistan’s nefarious designs :**

সন্ত্রাসবাদের বিরুদ্ধে নতুনদিল্লির শূন্য সহনশীলতার বার্তা বিশ্বজুড়ে প্রতিধ্বনিত হচ্ছে। এজন্য ভারতের বহুদলীয় প্রতিনিধিদল বিভিন্ন দেশের বিশ্বনেতা, সংসদ সদস্য, বুদ্ধিজীবী, গণমাধ্যম এবং সুশীল সমাজের সঙ্গে পাকিস্তানের সীমান্তবর্তী সন্ত্রাসবাদের মুখোশ উন্মোচন করার জন্য পরপর আলোচনা করেছে।

জেডি(ইউ) সাংসদ সঞ্জয় ঝা'র নেতৃত্বে একটি সর্বদলীয় প্রতিনিধিদল সিঙ্গাপুরের পররাষ্ট্রমন্ত্রী, সাংসদদের একটি দল, চেম্বার অফ কমার্সের প্রতিনিধিদল এবং সেই দেশের ব্যবসায়ী নেতাদের সঙ্গে আলোচনা করেছে। এই দলটি পুনর্ব্যক্ত করেছে যে ভারত একটি শান্তিপ্রিয় দেশ এবং পাকিস্তানের যেকোনো সন্ত্রাসী কর্মকাণ্ডকে যুদ্ধের কাজ হিসেবে বিবেচনা করা হবে।

ডিএমকে সাংসদ কানিমোঝির নেতৃত্বে আরেকটি প্রতিনিধিদল লুব্লিয়ানায় স্লোভেনিয়ার জাতীয় পরিষদের সভাপতি মার্কো লোট্রিকের সঙ্গে ফোনে কথা বলে সন্ত্রাসবাদ এবং অপারেশন সিন্দুরের পর নতুন স্বাভাবিকতার প্রতি ভারতের শূন্য সহনশীলতার দৃঢ় অবস্থানের কথা জানিয়েছে। তারা বিশ্বব্যাপী শান্তি প্রতিষ্ঠায় জাতিসংঘের নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্য হিসেবে স্লোভেনিয়ার ভূমিকা এবং নির্মূল করা প্রয়োজন এমন সন্ত্রাসবাদের দ্ব্যর্থহীন নিন্দার প্রশংসা করেছে। শ্রী মার্কো লোট্রিক বলেন, ভারত কেবল এশিয়ায় স্লোভেনিয়ার দ্বিতীয় বৃহত্তম অংশীদারই নয়, বরং সমগ্র ইউরোপীয় ইউনিয়নের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশীদারও।

বিজেপি সাংসদ বৈজয়ন্ত পান্ডার নেতৃত্বে আরেকটি প্রতিনিধিদল কুয়েতে বসবাসকারী ভারতীয় প্রবাসীদের একটি দলের সঙ্গে আলোচনা করে। তিনি বলেন, তারা যে বার্তা বহন করছেন তা ব্যাপকভাবে প্রতিধ্বনিত হচ্ছে এবং বিপুল সমর্থনও রয়েছে।

বিজেপি সাংসদ রবি শঙ্কর প্রসাদের নেতৃত্বে ফ্রান্সে অবস্থানরত দলটি প্যারিসে ফরাসি সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় করেছে।

*****************************

**State level kabadi :**

অনূর্ধ্ব ২০ বছর বালক ও বালিকা বিভাগের রাজ্যভিত্তিক জুনিয়র কাবাডি চ্যাম্পিয়নশিপ আজ থেকে মাতাবাড়িতে শুরু হয়েছে। উদ্বোধন করেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়। উদ্বোধনী ম্যাচে বালক বিভাগে পশ্চিম জেলা ৩৬ পয়েন্টে উত্তর জেলাকে এবং বালিকা বিভাগে পশ্চিম ত্রিপুরা জেলা ২৬ দশমিক ৫ পয়েন্টে দক্ষিণ ত্রিপুরা জেলাকে পরাজিত করেছে। আসরে আটটি জেলার মোট ১৭৬ জন খেলোয়াড় অংশ নেবে।

*****************************

**Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতায় স্বামী বিবেকানন্দ ক্লাব ফাইনালে উঠেছে। আজ বি-গ্রুপে নিজেদের ষষ্ঠ ম্যাচে স্বামী বিবেকানন্দ ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকালে অনুষ্ঠিত খেলায় স্বামী বিবেকানন্দ ক্লাব ৬-২ গোলে পান্তুই স্পোর্টিং সোসাইটিকে হারিয়ে দেয়।

*********************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সিপাহীজলা, গোমতী এবং দক্ষিণ জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বর্ষণের সতর্কতা জারি করা হয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫.৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস।

*****************************